# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/ ২৭ তারিখঃ ১৯-০২-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

"টাঙ্গাইল জেলার নতুন ধলেশ্বরী-পুংলী-বংশাই রিভার সিষ্টেমের বিভিন্ন অংশে বাম ও ডান তীরে বিদ্যমান বসতবাড়ী ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনা নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ" বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা'র দপ্তর, বাপাউবো, ময়মনসিংহ। | সদস্য |
| ৪। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৫। | জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব পিন্টু কানুন গোয়, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্পটির আওতায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট নদী/খালের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan-এ প্রদর্শনপূর্বক ডিপিপি সংশোধনের যথার্থতা নিরূপণসহ সুপারিশমালা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত এলাকার নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন এবং এবং মাননীয় প্রধানমন্ত্রী'র ড্রেজিং সংক্রান্ত নির্দেশনা অনুসারে প্রকল্প সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা ও প্রবাহ বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোসমূহের মেরামত/ পুনর্বাসনসহ অন্যান্য কাজের বা জলঅবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/ নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) প্রযোজ্য ক্ষেত্রে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঝ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ঞ) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং প্রয়োজনে দাখিলকৃত প্রতিবেদন চূড়ান্তকরনের জন্য বোর্ডে অনুষ্ঠিতব্য সভায় আলোচনার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৯/২/১৯

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা'র দপ্তর, বাপাউবো, ময়মনসিংহ।
৪। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা
৫। জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব পিন্টু কানুন গোয়, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
৭। নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
২-৩। প্রধান পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৫-৬। পরিচালক, যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর/ প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
৮। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১০-১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।